

# **া** সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৩৬৩

৬৯/ ভরণ-পোষণ (كتاب النفقات)

পরিচ্ছেদঃ ৬৯/৮. নিজ পরিবারে গৃহকর্তার কাজকর্ম।

بَابِ خِدْمَةِ الرَّجُلِ فِي أَهْلِهِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَرْعَرَةَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ بْنِ عُتَيْبَةَ، عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الأَسْوَدِ بُنِ يَزِيدَ، سَأَلْتُ عَائِشَةَ ـ رضى الله عنها ـ مَا كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَصنْنَعُ فِي الْبَيْتِ قَالَتْ كَانَ فِي مِهْنَةِ أَهْلِهِ، فَإِذَا سَمِعَ الأَذَانَ خَرَجَ.

### বাংলা

৫৩৬৩. আসওয়াদ ইবনু ইয়াযীদ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমি 'আয়িশাহ (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গৃহে কি কাজ করতেন? তিনি বললেনঃ তিনি ঘরের কাজ-কর্মে ব্যস্ত থাকতেন, যখন আযান শুনতেন, তখন বেরিয়ে পড়তেন। [1][৬৭৬] (আধুনিক প্রকাশনী- ৪৯৬৩, ইসলামিক ফাউন্ডেশন- ৪৮৫৯)

### **English**

#### Narrated Al-Aswad bin Yazid:

I asked `Aisha "What did the Prophet (ﷺ) use to do at home?" She said, "He used to work for his family, and when he heard the Adhan (call for the prayer), he would go out."

## ফুটনোট

[1] আল্লাহর রসূল (ﷺ) দুনিয়ার মানুষের জন্য চিরকালীন আদর্শ। অতি ছোট খাটো কাজও তিনি নিজ হাতে করতেন অতি সাধারণ একজন মানুষের মত। মসজিদে নাবাবীর নির্মাণ, খন্দকের যুদ্ধে পরিখা খননসহ নানা ক্ষেত্রে কায়িক শ্রমের কাজেও মহানাবীর অংশগ্রহণের বহু প্রমাণ বিদ্যমান। তিনি বাড়ীর ছোট খাটো নানা কাজে অংশগ্রহণ করে স্বীয় পরিবারের সুখ শান্তি বৃদ্ধি করতেন, তাদের হৃদয় জয় করতেন। প্রিয় রসূলের এ সুন্নাত



অনুসরণ করে আমরা আমাদের গৃহগুলোকে অপরিসীম আনন্দে ভরে দিতে পারি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন